Downloaded From : http://cbseportal.com/

**কঠোর ভাবে গোপনীয় ঃ (কেবলমাত্র আভ্যন্তর ও সীমিত ব্যবহারের জন্য)**

**Strictly Confidencial (For Internal and Restricted use only)**

**Secondary School Examination -- 2020**

**মূল্যায়ন-প্রকল্প — বিষয় ঃ বাংলা (বিষয় সংকেত ঃ ০০৫)**

**Marking Scheme -- Subject : BENGALI (Subject Code -- 005)**

**পশ্ন-সংকেত ঃ ৭** **Paper Code -- 7**

## সাধারণ নির্দেশাবলি ঃ

1. পরীক্ষার্থীদের মূল্যায়নের গুরুত্ব সম্পর্কে আপনারা সকলেই অবগত। মূল্যায়নে একটি সামান্য ভুলও বড়ো কোনো সমস্যার কারণ হয়ে উঠতে পারে, এবং শিক্ষার্থীর ভবিষ্যৎ , শিক্ষা-ব্যবস্থা এবং শিক্ষকতার পেশাকে ক্ষতিগ্রস্ত করতে পারে। তাই এ-সংক্রান্ত ভুল-ভ্রান্তি এড়ানোর জন্য, মূল্যায়নের আগে ক্ষেত্রীয় মূল্যায়ন নীতি-নির্দেশিকাগুলি ভালো করে পড়ে বুঝে নেওয়ার অনুরোধ করা হচ্ছে। মূল্যায়ন-কার্য আমাদের সকলের কাছেই ১০-১২ দিনের এক বিশেষ উদ্দেশ্যমুখী অভিযান। মূল্যায়ন-প্রক্রিয়ার সাফল্য আমাদের সর্বোত্তম প্রচেষ্টার উপরেই নির্ভরশীল।

2. মূল্যায়ন অবশ্যই Marking Scheme - প্রদত্ত নির্দেশাবলি অনুসারেই নিষ্পন্ন হবে — ব্যক্তিগত ব্যাখ্যা / যুক্তি / মতামত অনুসারে নয়। Marking Scheme বা মূল্যায়ন প্রকল্পকে সুদৃঢ়রূপে অবলম্বন করুন ও নিষ্ঠার সঙ্গে অনুসরণ করুন। যদি কোনো উত্তরে সাম্প্রতিকতম তথ্য বা জ্ঞান সন্নিবিষ্ট হয় এবং / অথবা নতুনভাবে কিছু দেখানোর চেষ্টা করা হয়, তবে সেগুলির যথার্থ বা correctness যাচাই করে নম্বর দিন। ১০ম শ্রেণির স্তরে দুটি পারদর্শিতা-ভিত্তিক (competency based) প্রশ্নোত্তরের মূল্যায়নের সময় পরীক্ষার্থীর দেওয়া উত্তর Marking Scheme অনুযায়ী না হলেও তাতে পরীক্ষার্থীর কাঙ্খিত পারদর্শিতা প্রতিফলিত হয়েছে কিনা অনুধাবন করার চেষ্টা করুন এবং তা হয়েছে মনে হলে নম্বর দিন।

3. Marking Scheme -এর নির্দেশ অনুযায়ী মূল্যায়ন হচ্ছে, তা নিশ্চিত করার জন্য প্রথম দিন মুখ্য পরীক্ষক অবশ্যই প্রত্যেক পরীক্ষক দ্বারা মূল্যাঙ্কিত প্রথম পাঁচটি করে উত্তরপত্র নিজে পড়ে দেখবেন। এই উত্তরপত্রগুলি মূল্যায়নে পাঁচ পরীক্ষকের প্রদত্ত নম্বরের মধ্যে কোনো উল্লেখ্যযাগ্য পার্থক্য না পেলেই বাকি উত্তরপত্রগুলি তাঁদের মূল্যায়ন করতে দেবেন।

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

4. পরীক্ষক ঠিক উত্তরকে √ এবং ভুল উত্তরকে X চিহ্নে চিহ্নিত করবেন। মূল্যায়নের সময় উত্তরটিকে ঠিক মনে হওয়ার মতো কোনো চিহ্ন ব্যবহার করেছেন কিন্তু উত্তরটি ভুল বলে নম্বর দেননি — এমন করবেন না। এই ভুলটি পরীক্ষকরা সবচেয়ে বেশি করে থাকেন।

5. কোনো প্রশ্ন একাধিক অংশে বিভক্ত থাকলে, প্রতিটি অংশের ডান দিকে সেই অংশের প্রাপ্য নম্বর লিখুন। তারপর সব অংশের নম্বর যোগ করে সেই উত্তরটিতে প্রাপ্ত মোট নম্বর বাঁ দিকের প্রান্তে লিখে গোল দাগে ঘিরে দিন। নম্বর উল্লেখের এই নিয়মটি অবশ্য মান্য।

6. যেসব প্রশ্ন অংশ-বিভক্ত নয়, অখন্ড, — সেগুলির প্রাপ্য নম্বর বাঁ দিকের প্রান্তে একবারই লিখে গোল দাগে ঘিরে দিন। নম্বর উল্লেখের এই নিয়মটি অবশ্য মান্য।

7. পরীক্ষার্থী প্রয়োজনের অতিরিক্ত প্রশ্নের উত্তর লিখলে, অপেক্ষাকৃত বেশি নম্বর পেতে পারে তেমন উত্তরটিকে রেখে অপর উত্তরটি অতিরিক্ত হিসেবে কেটে দিতে হবে।

8. একটি ভুলের জন্য একবারই নম্বর কাটা হবে — একই ভুলের মাসুল যেন চক্রবৃদ্ধি হারে পরীক্ষার্থীর ওপর না চাপে, তা দেখতে হবে।

9. নম্বর দেওয়ার জন্য পূর্ণ আরোহী মাপনী (যেমন 0 থেকে 100 নম্বর) — এই ক্ষেত্রে 0 থেকে 80 নম্বর — ব্যবহৃত হবে। যোগ্য উত্তরকে পুরো নম্বর (full marks) দিতে দ্বিধা করবেন না।

10. প্রত্যেক পরীক্ষককে অবশ্যই পূর্ণ সময়ের জন্য অর্থাৎ প্রতিদিন ৮ ঘন্টা মূল্যায়ন-কার্য করতে হবে এবং প্রধান বিষয় হলে ২০টি এবং অন্যান্য বিষয় হলে ২৫টি করে উত্তরপত্র ( প্রতিদিন) মূল্যায়ন করতে হবে। (Spot Guidelines বা ক্ষেত্রীয় নির্দেশিকায় এবিষয়ে বিস্তারিত নির্দেশ থাকবে।)

11. পরীক্ষক হিসেবে আপনার দ্বারা নিম্নলিখিত সাধারণ ভুলগুলি হচ্ছে না — সে-ব্যাপারে নিশ্চিত হোন ঃ -

- প্রদত্ত কোনো উত্তর বা উত্তরের কোনো অংশের মূল্যায়ন না করে ছেড়ে যাওয়া।
- কোনো উত্তরের মূল্যায়নে নির্ধারিত পূর্ণমানের চেয়ে বেশি নম্বর দিয়ে ফেলা।
- প্রাপ্ত নম্বরের যোগে ভুল করা ও সেই ভুল যোগফল জানানো।
- ভিতরের পৃষ্ঠাগুলি থেকে সামনের নাম-পত্রে নম্বর তোলায় ভুল করা।
- নাম-পত্রে ভুল প্রশ্ন অনুযায়ী নম্বর যোগ করা।
- নাম-পত্রের দুটি পঙ্‌ক্তি বা স্তম্ভের নম্বর যোগে ভুল করা।
- ভুল grand total বা সমগ্র যোগ।

Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

- সংখ্যায় ও শব্দে প্রকাশিত নম্বরের অমিল।
- উত্তর পত্র থেকে অন-লাইন নম্বর তোলায় ভুল।
- উত্তর ঠিক বলে চিহ্নিত হয়েছে, অথচ নম্বর দেওয়া হয়নি। (ভুল ও ঠিক চিহ্নের সঠিক প্রয়োগ সম্পর্কে সতর্ক থাকুন।)
- উত্তরের অর্ধাংশ বা কোনো অংশ ঠিক এবং বাকি অংশ ভুল হিসেবে চিহ্নিত, কিন্তু কোনো নম্বর দেওয়া হয়নি।

12. উত্তর সম্পূর্ণ ভুল হলে পরিষ্কার X চিহ্ন দিয়ে কেটে দিন এবং 0 নম্বর বসান।

13. প্রার্থী কোনোরকম মূল্যাঙ্কনহীন অংশ, নাম-পত্রে নম্বর না তোলা, যোগে ভুল ইত্যাদি খুঁজে পেলে তা CBSE Board -এর সঙ্গে মূল্যায়ন প্রক্রিয়ার সঙ্গে যুক্ত সকলের সম্মানকেই ক্ষতিগ্রস্ত করে। তাই সম্মিলিত সম্মানের স্বার্থেই পরীক্ষককে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে আরও একবার সংশ্লিষ্ট নির্দেশাবলি অনুসরণ করার কথা স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে।

14. মূল্যায়ন-কার্য শুরু করার আগে ক্ষেত্রীয় মূল্যায়ন (spot evaluation) সংক্রান্ত নির্দেশনাগুলির সঙ্গে পরীক্ষকদের বিশেষভাবে পরিচিত হওয়ার প্রয়োজন।

15. প্রত্যেক পরীক্ষকেরই নিশ্চিত হওয়া উচিত — সব উত্তর মূল্যাঙ্কিত হয়েছে, সব নম্বর নাম-পত্রে তোলা হয়েছে, নম্বরগুলি যোগে কোনো ভুল হয়নি এবং সেগুলি শব্দে ও সংখ্যায় নির্ভুলভাবে লেখা হয়েছে।

16. মনে রাখবেন, প্রার্থীরা RTI -এর মাধ্যমে আবেদন করলে বোর্ডকে উত্তর-পত্রের প্রতিলিপি প্রদানে বাধ্য। অন্যভাবে, নির্দিষ্ট অর্থমূল্য (processing charge) প্রদান সাপেক্ষে উত্তর-পত্র পুনর্মূল্যায়নের জন্যেও বোর্ড অঙ্গীকারবদ্ধ।

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

# MARKING SCHEME

## SECONDARY SCHOOL EXAMINATION : 2020

SUBJECT : BENGALI (005) CLASS -- X SET : 4 SERIES : JBB

MAXIMUM MARKS : 80 CODE : 7

প্রশ্নপত্রের 'A', 'B', 'C', 'D' চারটি অংশ যথাক্রমে 15, 10, 20 এবং 35 নম্বরের।

| Q No | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | SECTION - A : (Reading Comprehension) : বোধ-পরীক্ষণ | |
| 1. | অনুচ্ছেদ পড়ে প্রশ্নোত্তর। পাঁচটি প্রশ্ন। শেষ প্রশ্নের উত্তর ব্যাকরণ - ভিত্তিক।<br>● অনুচ্ছেদ অনুসরণে নিজের ভাষায় সঠিক উত্তর লিখলে,<br>অথবা<br>● সরাসরি অনুচ্ছেদ থেকেই প্রাসঙ্গিক অংশ তুলে দিলে পুরো নম্বর।<br><br>উত্তর-সংকেত ঃ<br>(a) ওড়িশার কুলডিহা অভয়ারণ্যে যাওয়ার জন্য।<br>(b) 'তাঁর' শব্দটি লেখক/ম্যারিয়ট যে কোনো অর্থ ধরে উত্তর দেওয়া যাবে।<br><br>● দূর থেকে নীল পর্বতমালাকে দেখে লেখকের মনে হয়েছিল, ওই পাহাড়গুলোর মাথায় রাতে আগুন জ্বলতে দেখে একসময় এখানকার ইংরাজ কুঠিয়াল মিস্টার ম্যারিয়ট ভেবেছিলেন ওগুলো আগ্নেয়গিরি।<br>অথবা<br>● দূর থেকে নীল পর্বতমালাকে দেখে মনে হয়েছিল যে ওগুলো আগ্নেয়গিরি।<br>● প্রশ্নে 'তাঁর' -এর অর্থ পরিষ্কার নয় বলে যে কোনো একটি উত্তরই গৃহীত হবে।<br>(c) 'ম্যারিয়টের ঘনিষ্ঠ বন্ধু — কলকাতায় থাকেন — এখন ওয়েলিংটনের কাছে তাঁর নামেই মটলেন হয়েছে — ভূগোলের জ্ঞান ছিল। | (1 x 5=5) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | এর মধ্যে যে কোনো একটি/দুটি লিখলেও পুরো 1 নম্বর দেওয়া হবে।<br>(d) ১৯৬৫ সালের ২৭ এপ্রিল নীলগিরি পাহাড়ের চূড়ায় উঠে পড়েছিলেন।<br>(e) আগ্নেয়গিরি — অগ্নি উদ্গীরণকারী গিরি — এই অর্থের যে কোনো বাক্যই ব্যাসবাক্য হিসেবে গৃহীত হবে। মধ্যপদলোপী কর্মধারয়। শুধু কর্মধারয় সমাস লিখলেও 0.5+0.5 পুরো নম্বর দেওয়া হবে। | |
| 2. | 1 নং প্রশ্নের অনুরূপ।<br>উত্তর-সংকেত ঃ<br>(a) আবেগের মাত্রা বেশি হবে।<br>(b) নিউজিল্যান্ডের হাতে সেই আশার সমাপ্তি ঘটল।<br>(c) আট থেকে আশি - সব বয়সের মানুষদের।<br>(d) ধোনি, বিরাটদের মতো ক্রিকেটাররা, মানুষরা।<br>(e) অতিমানব = মানবকে অতিক্রান্ত — তৎপুরুষ সমাস (0.5+0.5) = 1 নম্বর দেওয়া হবে। | (1 x 5=5) |
| 3. | 1 নং প্রশ্নের অনুরূপ।<br>উত্তর-সংকেত ঃ<br>(a) শঙ্খ - কঙ্কণ।<br>(b) ক্ষণকাল নিশ্চল থেকে সোমশুক্লার সম্মুখে নতজানু হলো, অঞ্জলিবদ্ধ হস্ত তার দিকে প্রসারিত করল।<br>(c) প্রাসাদে ফিরে গেলেন, সীমন্তিনীর ঘরের বাইরে দাঁড়ালেন।<br>(d) দীপ জ্বলছে, চঞ্চরী মায়ের সামনে বসে আছে। সীমন্তিনী তাকে সাজিয়ে দিচ্ছে। এর সবকটি অথবা যে কোনো একটি লিখলেও পুরো 1 নম্বর দিতে হবে।<br>(e) বসিয়া — বসে লিখলেই 1 নম্বর দেওয়া যাবে। | (1 x 5=5) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | SECTION - B : নির্মিতি (Composition) | |
| 4. | পত্র লিখন ঃ বন্ধুকে অথবা মাকে।<br>• চিঠির অবয়ব-সংস্থানের জন্য 2 নম্বর এবং বিষয়বস্তুর জন্য 3 নম্বর।<br>• অবয়ব-সংস্থানে তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান-নাম, সম্বোধন ও সমাপ্তিসূচক পদ থাকবে। এগুলির মধ্যে যদি কোনোটি অনুপস্থিত থাকে কিন্তু পত্রের শেষে স্বতন্ত্র ভাবে প্রাপকের নাম ঠিকানা দেওয়া থাকে তাহলে পুরো 2 নম্বরই দিতে হবে।<br>• বিষয়বস্তুর ক্ষেত্রে বক্তব্য ঠিক থাকলেই অন্তত 2 নম্বর এবং দক্ষতা ও ব্যক্তিগত পত্রের সুরটি বজায় থাকলেই পুরো 3 নম্বর। | (2+3= 5) |
| 5. | নির্ধারিত বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা। যে-কোনো <u>একটি</u>।<br>• পরিচ্ছন্নতাই ধর্ম।<br>• 'জলই জীবন — জল বাঁচাও'<br>• ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর — দ্বিশত জন্মবার্ষিকী পালন।<br>• অনুচ্ছেদ (Paragraph) হবে মূল বিষয়-নিবদ্ধ, একমুখী, স্পষ্ট, অনতিবিস্তারিত। যদিও কোনো শব্দ-সীমার উল্লেখ নেই, তবুও তা 100 থেকে 150 শব্দের মধ্যে সীমিত থাকা বাঞ্ছনীয়। এইসব গুণ এবং ভাষা দক্ষতা ইত্যাদি অনুযায়ী 3 থেকে পুরো 5 নম্বর দেওয়া যাবে। | 5 |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | SECTION - C : ব্যাকরণ (Grammar) | |
| 6. | সন্ধি অথবা সন্ধি-বিচ্ছেদ। যে-কোনো পাঁচটি।<br><br>উত্তর-সংকেত ঃ<br>(a) বিচ্ছেদ<br>(b) উৎ + জল<br>(c) পুরঃ + হিত<br>(d) নীরোগ<br>(e) উৎ + যোগ<br>(f) সম্ + গীত<br>(g) শরচ্চন্দ্র | (1 x 5=5) |
| 7. | সমাসবদ্ধ পদে পরিণত করো এবং সমাসের নাম লেখো।<br>যে-কোনো পাঁচটি।<br><br>(a) আসমুদ্রহিমাচল / অব্যয়ীভাব।<br>(b) জামাইবাবু / কর্মধারয়।<br>(c) কাঁচামিঠে / কর্মধারয়।<br>(d) নদী-নালা / দ্বন্দ্ব সমাস।<br>(e) উপকূল / অব্যয়ীভাব।<br>(f) যথাসাধ্য / অব্যয়ীভাব।<br>(g) আপাদমস্তক / অব্যয়ীভাব। | (1 x 5=5) |
| 8. | নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো। যে-কোনো পাঁচটি।<br>উত্তর-সংকেত ঃ<br>(a) তার এমন মাথার ব্যামো কেউ কখনো জানত না।<br>(b) কুকরটার দিকে চাইলেন এবং তার মুখের সামনে টুসকি দিতে লাগলেন। | (1 x 5=5) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | (c) যারা উদ্যোগী পুরুষ তারাই লক্ষ্মীলাভ করে।<br>(d) তার দোষ ছিল না কিন্তু শাস্তি হল।<br>(e) লেখার পর পড়ে গায়ে কাঁটা দিয়ে উঠল তপনের।<br>(f) যদি থাকতে পারতাম তবে তাঁর পায়ের ধূলো নিতাম।<br>(g) মেঘ করলে বৃষ্টি হবে। | |
| 9. | নির্দেশ অনুযায়ী সাধু অথবা চলিত ভাষায় পরিবর্তন।<br>যে-কোনো পাঁচটি।<br>(a) আরো কিছুদিন তিনি চিতোর ঘিরিয়া বসিয়া থাকেন ইচ্ছা হইল।<br>(b) পারলেও কি মানুষ তাকে রেহাই দেবে? ধরবে না?<br>(c) আগাইয়া আসিয়া তাঁহার পথ রোধ করিয়া দাঁড়াইলাম।<br>(d) গাড়ি ছাড়তে তখনও মিনিট পাঁচেক দেরি ছিল — উঠে বসলাম।<br>(e) জানাইলাম যে সেই দিন কেবল তামাসা দেখিতেই গিয়াছিলাম।<br>(f) নিঃশব্দে নিজের ঘরে চলে গেল, তারপর কাঁদতে লাগল।<br>• সঠিক পাঁচটি উত্তরকেই গণ্য করতে হবে। শুধু ক্রিয়াপদ এবং সর্বনাম পদের মধ্যে যেকোনো দুটির পরিবর্তন করলেই সম্পূর্ণ নম্বর দেওয়া যাবে। | (1 x 5=5) |
| | **SECTION - D : সাহিত্য (Literature)** | |
| 10. | গল্প থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন। (অথবা-যুক্ত)<br>'প্রথম গল্পটি সম্পর্কে .......... ঘটল সেই ঘটনা।'<br>উত্তর-সংকেত ঃ<br>(a) জ্ঞান চক্ষু / আশাপূর্ণা দেবী। (0.5+0.5) = 1 নম্বর ।<br>(b) তপনের লেখা 'প্রথম দিন' গল্পের কথা। (0.5+0.5) = 1 নম্বর।<br>(c) লেখক-মেসোর সাহায্যে 'সন্ধ্যাতারা' পত্রিকায় তপনের গল্প ছেপে বেরোনো, বাড়ির সকলের হৈহৈ, নিজের নাম ছাপার অক্ষরে দেখার | 5<br>(1 +1 + 3) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | গৌরবময় মুহূর্ত — ইত্যাদি ঘটনার উল্লেখ করলেই 2 থেকে 3 নম্বর।<br>অথবা-যুক্ত প্রশ্ন<br>'নিশ্চয় ঠ্যাঙ্গাবে ............... আমার মা আছে।'<br>(a) 'অদল-বদল' / গুজরাটি (0.5+0.5) = 1 নম্বর।<br>(b) অমৃত, ইসাবের প্রতি। (0.5+0.5) = 1 নম্বর।<br>(c) মারবে; জামা অদল-বদল করার ঘটনা এবং সদ্য কেনা জামার ছিন্ন অবস্থা দেখে অমৃতের বাবা অমৃতকে মারতে পারে এই আশঙ্কা — সমস্ত ঘটনাটি সংক্ষেপে লিখলেই 2 থেকে 3 নম্বর। | |
| 11. | সপ্রসঙ্গ ব্যাখ্যা (গদ্য থেকে)<br>• সূত্র নির্ভুল হলে 1 নম্বর।<br>• প্রসঙ্গ উল্লেখ করলে 1 নম্বর।<br>• ব্যাখ্যার জন্য 3 নম্বর। ন্যূনতম 1 নম্বর। উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে পুরো 3 নম্বর।<br>'সব স্নেহ .................. ঘড়িটির উপর'<br>উত্তর সংকেত ঃ<br>• সূত্র ঃ আলোবাবু / বনফুল<br>প্রসঙ্গ ঃ নির্জীব ঘড়িটির প্রতি আলোবাবুর স্নেহ-ভালবাসা।<br>ব্যাখ্যা — বাস্তববাদী পৃথিবীতে আলোবাবুর চরিত্রের অসাধারণ নিঃশর্ত বাৎসল্যের দাম কেউ দেয়নি। পাত্রাভাবে তাঁর স্নেহ একটি জড়বস্তুর (ঘড়ি) উপরই বর্ষিত হয়েছিল। এই কথাগুলি মোটামুটি লিখতে পারলেই 2থেকে 3 নম্বর পর্যন্ত দেওয়া যাবে।<br>অথবা<br>'একেবারেই যা ঝেলে নেব ....... চলে যাবে।<br>• সূত্র ঃ বহুরূপী / সুবোধ ঘোষ | 5<br>(2 + 3) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | প্রসঙ্গ ঃ হরিদার সন্ন্যাসী সেজে জগদীশবাবুর কাছ থেকে মোটা বকশিশ আদায়ের ইচ্ছে প্রকাশ প্রসঙ্গে।<br>ব্যাখ্যা — হিমালয় থেকে আগত সন্ন্যাসীর জগদীশবাবুর কাছ থেকে মোটা বকশিশ পাওয়ার কথা শুনে বহুরূপী হরিদা নিজেও সন্ন্যাসীর মতোই বিরাগী সেজে ছলনার দ্বারা মোটা বকশিশ উপার্জন করার পরিকল্পনা করলেন। যথার্থ শিল্পী হরিদা শেষ পর্যন্ত ছলনা করতে পারেননি — এ কথা লিখতে হবে। | |
| **12.** | পাঠ্য গদ্যাংশ থেকে নির্বাচন-মূলক প্রশ্নোত্তর। (MCQ)<br>যে-কোনো <u>পাঁচটি</u>।<br>উত্তর ঃ<br>(a) (iii) ছোটোমাসিকে<br>(b) (iii) উকিল<br>(c) (ii) কার্বলিক অ্যাসিড<br>(d) (ii) একুশ জনকে<br>(e) (ii) সব দুঃখের বন্ধন থেকে মুক্ত হয়ে যাওয়া<br>(f) (i) গুজরাতি | (1 x 5=5) |
| **13.** | পাঠ্য কবিতা থেকে সপ্রসঙ্গ ব্যাখ্যা। একটি।<br>'আমরাও তবে ................ মরে যাব নাকি?'<br>উত্তর-সংকেত ঃ<br>সূত্র ঃ 'আয় আরো বেঁধে বেঁধে থাকি।' শঙ্খ ঘোষ।<br>প্রসঙ্গ ঃ সাধারণ মানুষ / আপামর জনগণের বিপন্নতার গভীরতা, ব্যাপ্তি ও তার প্রতিরোধ।<br>ব্যাখ্যা ঃ সাধারণ মানুষের সর্বকালীন নিরাপত্তাহীনতা, সর্বব্যাপী বিপন্নতা ও তার অস্তিত্বের এই সর্বাত্মক সংকট থেকে পরিত্রাণ লাভের একমাত্র | (5 x 1=5) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| QNo. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | উপায় নিজেরা 'আরো বেঁধে বেঁধে থাকা' - কথাগুলি গুছিয়ে লেখার ওপর নম্বর দেওয়া হবে।<br><br>অথবা<br><br>'সকালে প্রভাত ফেরির ................ মিলিয়ে যাচ্ছে।'<br>উত্তর সংকেত ঃ<br>সূত্র ঃ একাকারে। কবি সুভাষ মুখোপাধ্যায়।<br>প্রসঙ্গ ঃ জাতিধর্ম নির্বিশেষে পৃথিবীর সকল মানুষের একতার প্রসঙ্গে।<br>ব্যাখ্যা ঃ ভোরের আজান বা প্রভাতফেরি — যাই হোক না কেন জাতি-ধর্ম নির্বিশেষে দুনিয়াজুড়ে শান্তির জন্য প্রার্থনা। কথাটি গুছিয়ে লিখলেই 2 থেকে 3 নম্বর। | |
| **14.** | পাঠ্য কবিতা থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন।<br>'সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব?'<br>(a) তিন পাহাড়ের কোলে। শক্তি চট্টোপাধ্যায় - 1+1 = 2 নম্বর।<br>(b) খাঁচা বলতে বোঝায় যেখানে পশুপাখিকে বন্দী করে রাখা হয়। এখানে খাঁচা বলতে শহর। - 1 নম্বর।<br>খাঁচাতে যেমন ডানা মেলে ওড়া যায় না, শহরেও তেমনি মুক্তভাবে চলা সম্ভব নয়। এ ব্যাপারে গুছিয়ে লিখতে পারলেই 1 থেকে 2 নম্বর।<br><br>অথবা<br><br>"আমি এখন .............. উঠে দাঁড়াই"<br>(a) অস্ত্রের বিরুদ্ধে গান - 2 নম্বর।<br>(b) সম্মিলিতভাবে।<br>শান্তির জন্য, সম্প্রীতির জন্য সমস্ত হিংসা, দ্বন্দ্বের বিরুদ্ধে কবি এগিয়ে আসতে চান। অস্ত্র ত্যাগ করে শান্তিপূর্ণভাবে তাঁর সমাজ গড়ার ইচ্ছের কথা লিখতে হবে। | (2 + 3=5) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| **15.** | 'রাজকাহিনি' থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন।<br>"সূর্যদেব ................ তারই ছেলে।"<br>উত্তর-সংকেত ঃ<br>(a) উক্তিটি অবনীন্দ্রনাথ ঠাকুরের শিলাদিত্য গল্পে আছে। (0.5+0.5) = 1 নম্বর।<br>(b) গায়েবকে, আদিত্যশিলা। (0.5+0.5) = 1 নম্বর।<br>(c) দ্বিতীয়বার সূর্যমন্ত্রোচ্চারণের পর সূর্যদেবের আগমন এবং সূর্যদেবের প্রতি গায়েবের পাথর ছুঁড়ে মারা পর্যন্ত ঘটনাটি গুছিয়ে লিখলেই হবে। ভাষার মান অনুযায়ী 2 থেকে 3 নম্বর।<br><u>অথবা</u> "তাঁর সমস্ত রাগ ................ উপরে গিয়ে পড়ল।"<br>উত্তর-সংকেত ঃ<br>(a) গোহ। অবনীন্দ্রনাথ ঠাকুর। (0.5+0.5) = 1 নম্বর।<br>(b) মান্ডলিকের - 1 নম্বর।<br>(c) গোহের কারণে নিজের ভাইয়ের সঙ্গে বিচ্ছেদ এবং ভাইকে চিরতরে হারানোর জন্য মান্ডলিকের সমস্ত রাগ গোহের ওপর গিয়ে পড়ে। এ ব্যাপারে গুছিয়ে লিখতে হবে। 3 নম্বর। | (1+1+3=5) |
| **16.** | একটি বাক্যে উত্তর। 'রাজকাহিনি' থেকে অতি-সংক্ষিপ্ত প্রশ্ন। (যে কোনো <u>পাঁচটি</u>) প্রতিটি প্রশ্নের জন্য 1 নম্বর।<br>উত্তর-সংকেত ঃ<br>(a) একটি ছেলে ও একটি মেয়ে।<br>(b) শিলাদিত্যের স্ত্রী। চন্দ্রাবতী নগরের।<br>(c) রাজমহিষী তখন ইদরপুরের কেল্লার ছাদে ছিলেন।<br>(d) ঝুলন পূর্ণিমার দিনে।<br>(e) বাপ্পাদিত্যকে।<br>(f) ভীলদের হাতে।<br>(g) সম্রাট সেলিমের কন্যা।<br>বিঃ দ্রঃ — ১৬ নম্বর প্রশ্নটি MCQ হওয়ার কথা। তা হয়নি। এক্ষত্রে পরীক্ষক প্রশ্নগুলোর কোনোরকম উত্তর দেবার প্রচেষ্টাতেই পুরো নম্বর দেবেন। | (1 x 5=5) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE